Cover Page of Book

# HUMANISM IN INDIAN EDUCATION

(Peer Reviewed)
(Proceedings of the International Seminar)


Chief Editor
**Prof. (Dr.) Swagata Das Mohanta**
Hon'ble Principal,
Chakdaha College, West Bengal, India

Editor
**Dr. Shiladitya Satpathi**
Assistant Professor
Department of Sanskrit, Chakdaha College, West Bengal





**Chakdaha College**
(Affiliated to the University of Kalyani)
Estd: 1972 Govt. Sponsored Re-accredited by NAAC 'B+'
Chakdaha, Nadia, West Bengal, India
2020

# HUMANISM IN INDIAN EDUCATION

(Proceedings of the International Seminar)

(Peer - Reviewed)

**Chief Editor**

**Prof. (Dr.) Swagata Das Mohanta**

Hon'ble Principal, Chakdaha College, West Bengal, India

**Editor**

**Dr. Shiladitya Satpathi**

Assistant Professor

Department of Sanskrit, Chakdaha College, West Bengal, India

**Chakdaha College**

(Affiliated to the University of Kalyani)

Estd: 1972 ֍ Govt. Sponsored ֍ Re-accredited by NAAC 'B+'

Chakdaha, Nadia, West Bengal, India

2020

**Humanism in Indian Education**
(Proceedings of the International Seminar)
(Peer - Reviewed)

© Chakdaha College

**ISBN: 978-93-82399-69-8**

Published by: **The Principal**, Chakdaha College,
P.O. - Chakdaha, Dist- Nadia, West Bengal, Pin-741222

Year of Publication

Published: November, 2020

Printed at: Dove Publishing House
9/4, Tamer Lane, College Street, Kolkata- 700009

Price: ₹ 700/-

Chakdaha College
(Affiliated to the University of Kalyani)
Estd: 1972 ֍ Govt. Sponsored
֍ Re-accredited by NAAC 'B+'
Chakdaha, Nadia, West Bengal, India

---

N. B. All views and opinions expressed in the paper are the sole responsibility for the author concerned, neither the Editor or nor the publisher can in any-way, be held responsible for them.

# Table of Contents

## CONTENTS

**A Prefatory Note**
- Professor Swagata Das Mohanta — i

**Foreword**
- Professor Gopalchandra Misra — ii

**Message**
- Professor Tapati Mukherjee — iii

**Message**
- Professor Bithika Banik — iv

**Message**
- Dr. I Ketut Donder — v

**Message**
- Professor V. Vasanthakumari — vi

**Editor's Note**
- Dr. Shiladitya Satpathi — vii


## Peer Reviewed Papers

धर्मव्याधस्याचरणं मानवतावादः
- Dr. K.V.R.B. Varalakshmi — 1

श्रीमद्भागवतमहापुराणस्योपाख्यानेषु मानवतावादः
- Dr. Biplab Chakrabarty — 5

संस्कृतसाहित्ये मानववादः
- Dr. Gagan Chandra De — 10

मनुष्यत्वोद्बोधनमेव धर्मस्य लक्ष्यम्
- Dr. Swapan Majhi — 18

भारतीयशिक्षायां मानवतावादः
- Amit Sarkar — 22

মানবতাবাদের আদর্শে শিক্ষা
➢ Dr. Sabina Jesmin 162

উপনিষদের শান্তিপাঠে মানবধর্ম
➢ Dr. Sandhya Sarkar 168

পুরাসাহিত্যে নারীশিক্ষা : নৈতিক মনস্তত্ত্ব
➢ Dr. Dipankar Patra 173

শ্রীচৈতন্যদেব : মানবতাঋদ্ধ জীবনচেতনার এক মূর্ত প্রতীক
➢ Dr. Nabanita Basu 178

উনিশ শতকীয় নবজাগরণের আলোকপ্রভায় বিদ্যাসাগরের মানবতাবাদ
➢ Dr. Subir Ghosh 189

মানবজীবনে উপনিষদের প্রভাব
➢ Dr. Anup Kumar Ray 195

সর্বাঙ্গীণ বিকাশ সাধনে সঞ্জীবনী সংস্কৃত ভাষার অনবদ্যতা
➢ Arunima Ghosh 202

উত্তরাধুনিকতার আলোকে ভারতের শিক্ষা
➢ Aliul Hoque 211

পুঁথি : মূল্যবোধ ও মানবতা
➢ Amal Kumar Kar 219

স্মৃতিশাস্ত্রে মানবতাবাদের অন্বেষণ Smriti Shastre Manabatabader Anweshan
➢ Prasad Ranjan Chakrabarti 231

কৌটিল্যের অর্থশাস্ত্রে মানবতাবাদ : একটি প্রাথমিক আলোচনা
➢ Bappa Datta 237

ভারতীয় দর্শনে মানবতাবাদের প্রভাব
➢ Oishi Bhattacharjee 245

ইতিহাসের প্রেক্ষাপটে শূদ্রকের 'মৃচ্ছকটিক' ও মানবতাবাদ
➢ Dr. Kajari Pradhan 250

ঔপনিষদিক মহামন্ত্রের আলোকে কবিগুরুর বিশ্বমানবতার দর্শন
➢ Dolan Ghosh 258

First Page of Referenced Publications

Smriti Shastre Manabatabader Anweshan

# স্মৃতিশাস্ত্রে মানবতাবাদের অন্বেষণ

Name of the Author & Name of the HEI

Prasad Ranjan Chakrabarti
Assistant Professor, Department of Sanskrit,
Swarnamoyee Jogendranath Mahavidyalaya, West Bengal.

**প্রবন্ধসার:**

মানবতাবাদ-এই শব্দটি আমাদের নিকট অত্যন্ত পরিচিত হলেও এই বিষয়টিকে সংজ্ঞায়িত করা খুবই দুষ্কর। তবে বিষয়টিকে বিশ্লেষণের দ্বারা কিছুটা সংজ্ঞায়িত করা যেতে পারে। মানব-এর মধ্যে মানবোচিত ভাব বা গুণাবলী বিদ্যমান থাকলে তাকে বলে মানবতা। কাজেই মানবতা বা মানবত্ব-এর অর্থ হল মানবের মধ্যে থাকা ধর্ম, গুণ বা ভাব। অতএব, প্রতিটি মানুষ তার নিজস্ব কর্তব্য এবং কর্মের মধ্য দিয়ে তার অন্তর্নিহিত সদ্গুণাবলীগুলিকে সর্বদা অনুশীলন করে চলবে-এইরূপ ধারণাই হল মানবতাবাদ।

মানবতার প্রকাশক সদ্গুণাবলীর সংখ্যা বা নাম নির্দিষ্ট করে বলা কঠিন। তবে সাধারণ ভাবে বলা যেতে পারে যে, ধৈর্য, ক্ষমা, অহিংসা, দয়া, দান-প্রবৃত্তি, সেবা-প্রবৃত্তি, সত্যকথন, উদারতা, অনুশোচনা, সহমর্মিতা প্রভৃতি গুণাবলীর উপস্থিতি এবং অনুশীলন একটি মানুষের অন্তর্নিহিত মানবতা কে প্রকাশিত করে।পূর্ববাক্যে 'অন্তর্নিহিত' শব্দটি প্রয়োগ করার কারণ এই যে, মানুষের মধ্যে মানবতা এবং অমানবতাএই দুটি বিষয়ই অন্তর্নিহিত থাকে। এদের জন্ম দেওয়া যায় না, অগর্হিতকর পালনীয় কর্তব্য-কর্মের দ্বারা কেবল একে প্রকাশ করা যায়। তাই বলা যায় যে মানবতা এবং অমানবতা হল মানবের অন্তর্নিহিত সত্ত্বা, যা পূর্ব হতেই তার মধ্যে বিদ্যমান। মানবতা প্রকাশিত হলে অমানবতা অন্তর্নিহিত হয়ে পড়ে, আবার অমানবতা প্রকাশিত হলে মানবতা অন্তর্নিহিত হয়ে পড়ে। যখন মানবকুলের মানবতা অন্তর্নিহিত হয়ে পড়ে, তখনই সমাজের বুকে নানা ধরণের বিশৃঙ্খলা, অশান্তি, যুদ্ধ ইত্যাদি সামাজিক ব্যাধির প্রকোপ চোখে পড়ে।আবার সমাজে বসবাসকারী সিংহভাগ মানুষের মধ্যে যদি এই মানবতা জাগ্রত হয় তবেই সমাজ সুস্থ থাকে। এইমানবতার প্রকাশেই মানুষ সত্যিকারের মনুষ্যপদবাচ্য হয়।

মানবতার বিষয়টি দৃষ্টান্তের দ্বারা কিছুটা উপলব্ধি করা যেতে পারে। যেমন, আমরা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের জীবনীর দিকে তাকালে দেখতে পাই যে, ওনার মধ্যে দয়া, দানশীলতা, উদারতা, সহমর্মিতা, ক্ষমা, সেবা-মনস্কতা, নিঃস্বার্থপরতা, মাতাপিতার প্রতি অসীম ভক্তি ও সেবা প্রভৃতি গুণাবলী বিদ্যমান। ফলতঃ এইসমস্ত গুণাবলীর মধ্য দিয়ে ওনার মানবতা প্রকাশিত হয়েছে বলেই বিদ্বজ্জনেরা ওনাকে 'মহামানব' আখ্যায় ভূষিত করেছেন। মানবতার প্রকাশক এই সমস্ত গুনাবলীর শিক্ষা আমরা যেমন সমাজ থেকে পাই তেমনি পাই বিভিন্ন গ্রন্থ থেকে। বলা বাহুল্য, এই শিক্ষার শুরু সেই সুপ্রাচীন বৈদিক যুগ থেকে। এই মানবতার শিক্ষা প্রদান করেছে বেদানুসারী মনু, পরাশর প্রমুখ স্মৃতিকার কর্তৃক প্রণীত স্মৃতিশাস্ত্রগুলিও। বেদের বচনসমূহের তাৎপর্যার্থকে অণুসরণ করেই স্মৃতিশাস্ত্রগুলি রচিত হয়েছে। স্মৃতিশাস্ত্রগুলি ধর্মশাস্ত্র নামেও পরিচিত। তাই মনুসংহিতাগ্রন্থে মনু বলেছেন যে, বেদ হল শ্রুতি এবং ধর্মশাস্ত্রের অপর নাম স্মৃতি।[1] স্মৃতিশাস্ত্রের প্রণেতারূপে অনেকেই প্রসিদ্ধ। তবে এই বিষয়ে দিঙ্মাত্র প্রদর্শনার্থে মহর্ষি যাজ্ঞবল্ক্য স্বরচিত যাজ্ঞবল্ক্যসংহিতা'র মধ্যে যে কুড়িজন স্মৃতিকারের নামোল্লেখ করেছেন তাঁরা হলেন-১)মনু, ২)অত্রি, ৩) বিষ্ণু, ৪)হারীত, ৫)যাজ্ঞবল্ক্য, ৬)উশনঃ ৭)অঙ্গির, ৮)যম, ৯)আপস্তম্ব, ১০)সংবর্ত্ত ১১)কাত্যায়ন, ১২) বৃহস্পতি, ১৩)পরাশর, ১৪)ব্যাস, ১৫)শঙ্খ, ১৬)লিখিত, ১৭)দক্ষ, ১৮)গৌতম, ১৯)শাতাতপ এবং ২০)

1. শ্রুতিস্তু বেদো বিজ্ঞেয়ো ধর্মশাস্ত্রস্তু বৈ স্মৃতিঃ।...(মনুসংহিতা ২.১০)